দৈনিক ইত্তেফাক

তারিখ ... 25 JUL 1997 ...
পৃষ্ঠা ...১... ১৬... কলাম ...১৬.....

এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষা

গ্রহণের সময়সীমা হ্রাসের সিদ্ধান্ত

রেজানুর রহমান ॥ এসএসসি এবং এইচএসসি পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে সময় কমাইয়া আনার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। আগামীতে পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে দেড় হইতে দুইমাস সময় ব্যয় করা যাইবে না। এসএসসি পরীক্ষার ক্ষেত্রে সর্বোচ্চ দুই সপ্তাহ এবং এইচএসসি পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ ৩ সপ্তাহ সময় নির্ধারণ করিতে হইবে। এই ক্ষেত্রে শনিবার সরকারী ছুটির দিনকেও কাজে লাগাইতে হইবে। সকাল-বিকাল দুই বেলা পরীক্ষা গ্রহণের *(৫ম পৃঃ দ্রঃ)*

এসএসসি

(১ম পৃঃ পর)

উদ্যোগ নিতে হইবে। গতকাল (মঙ্গলবার) শিক্ষামন্ত্রী এ.এস এইচ কে সাদেকের সভাপতিত্বে শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক জরুরী বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। বৈঠকে সকল বোর্ডের চেয়ারম্যানবৃন্দ, উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক-সহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। বৈঠকে দেশের শিক্ষা ব্যবস্থা পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের পদ্ধতি আরও আধুনিক করার ব্যাপারে আলোচনা করা হয়। বৈঠকে বলা হয়, বর্তমানে প্রশ্ন প্রণয়ন এমনভাবে করা হইতেছে যে, ছাত্র-ছাত্রীরা এক বছরের প্রশ্নের উত্তর পরবর্তী বছরে পড়ে না। কাজেই এখন হইতে পরীক্ষার প্রশ্ন এমনভাবে প্রণয়ন করিতে হইবে যাহাতে ছাত্র-ছাত্রীরা বাধ্য হইয়া পুরা বই পড়িবে। বৈঠকে ১৯৯৭ সালের এসএসসি পরীক্ষায় দেশের যে সকল কেন্দ্রে অধিকহারে অসদুপায় অবলম্বনের ঘটনা ঘটিয়াছে সেই সকল কেন্দ্রের পরিদর্শক এবং কেন্দ্রের বিরুদ্ধে শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডসমূহকে নির্দেশ দেওয়া হইয়াছে। ৩১শে আগষ্টের মধ্যে এই ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করিয়া মন্ত্রণালয়ে রিপোর্ট পেশের পরামর্শ দেওয়া হইয়াছে।

৬।।